দৈনিক বাংলা

তারিখ 27 NOV. 1986
পৃষ্ঠা 7 কলাম 3

035

# চৌদ্দগ্রামের প্রাইমারী শিক্ষাঃ পাটি বিছিয়ে লেখা পড়া—

(নিজস্ব সংবাদদাতা)

ফেনী, ২৫শে নবেম্বর।— চৌদ্দগ্রাম উপজেলার ৮০টি প্রাথমিক বিদ্যালয়ের ভাঙ্গাচোরা গৃহ, এবং শিক্ষক ও আসবাবপত্রের অভাবে লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে।

সার্বজনীন প্রাথমিক শিক্ষার রিপোর্টে প্রকাশ, এই উপজেলায় মোট ১১১টি সরকারী প্রাথমিক ও ১৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এতে ছাত্রছাত্রীদের সংখ্যা ৩৬ হাজার ৪৬৬ জন। ৬ থেকে ১০ বছরের শিশুর সংখ্যা এই উপজেলায় ৫২ হাজার ২৭১ জন।

জানা গেছে, সরকারী বেসরকারী ১২৬টি বিদ্যালয়ের মধ্যে ৮০টি বিদ্যালয় বিভিন্ন প্রকার সমস্যায় ডুবে আছে। সরকারী হিসাব মতে প্রতি ৫০ জন ছাত্র-ছাত্রীর জন্য একজন শিক্ষকের প্রয়োজন। সে হিসেবে শিক্ষকের প্রয়োজন ৭৫০ জন। সেখানে শিক্ষক আছে মাত্র ৫৫৬ জন। ৩টি স্কুলের প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন খালি।

অধিকাংশ স্কুলের বেড়া বা চাল নেই। আসবাবপত্রের অভাবে ছাত্রছাত্রীরা বাড়ী থেকে পাটি এনে লেখাপড়া করছে। ইতিমধ্যে ছাদে ফাটল ধরার কারণে সাঙ্গিস-স্বর, নাটচর ও মিয়ার বাজার প্রাথমিক বিদ্যালয় বন্ধ করে দেয়া হয়েছে। আরো ২২টি বিদ্যালয় যে কোন সময় বন্ধ হয়ে যেতে পারে।